



**শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)**  
**ঢাকা বিশ্ববিদ্যালয়**  
**ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) প্রথম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি**  
**(২০০৯-২০১০ শিক্ষাবর্ষ)**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) প্রথম বর্ষে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। ২০০৮ বা ২০০৯ সনে উচ্চ মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে যারা নিম্নলিখিত শর্তাবলি পূরণ করে, কেবল তারাই আবেদন করার যোগ্য বলে গণ্য হবে।

**ক) আবেদন করার যোগ্যতা**

- ১। বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৮.০ থাকতে হবে।
- ২। মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.০ থাকতে হবে।
- ৩। ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখায় উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.৫ থাকতে হবে।
- ৪। জি সি ই/ ও লেভেল/ কেন্সিজ পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০০৮/২০০৯ সনের এ-লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণও ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে ও-লেভেল এবং এ-লেভেলের মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড প্রাপ্তরাও আবেদন করতে পারবে।
- ৫। আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমপর্যায়ের পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ের প্রত্যেকটিতে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

**খ) আবেদনপত্র সংগ্রহ ও জমা**

- ১। ভর্তি পরীক্ষা ফি বাবদ নগদ ৩০০/- টাকা ১০ ডিসেম্বর, ২০০৯ বৃহস্পতিবার থেকে ০৬ জানুয়ারি, ২০১০ বুধবার-এর মধ্যে প্রতি কর্ম দিবসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) অবস্থিত জনতা ব্যাংকে জমা দিয়ে ভর্তির আবেদনপত্র, SIF ও নির্দেশিকা সংগ্রহ করা যাবে।
- ২। আবেদনপত্র ও SIF ফ্রন্ট করার দিন থেকে ৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে স্বহস্তে পূরণ করে জমা দিতে হবে।
- ৩। পূরণকৃত আবেদনপত্র ও SIF ০৭ জানুয়ারি, ২০১০, বৃহস্পতিবার পর্যন্ত প্রতি কর্মদিবসে বেলা ২:০০টা থেকে ৪:৩০ টার মধ্যে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের নিচ তলার ০০৫ নম্বর কক্ষে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র জমা নেয়া হবে না।

**গ) ভর্তি পরীক্ষা**

২২ জানুয়ারি, ২০১০ শুক্রবার সকাল ১০:০০ টায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২০ জানুয়ারি, ২০১০ বুধবার

বিকেল ৪:০০ টার পর আইইআর-এর নোটিশ বোর্ডে ভর্তি পরীক্ষার আসন বিন্যাস প্রকাশ করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি নির্দেশিকায় উল্লেখ আছে। ভর্তি বিজ্ঞপ্তি, আসন বিন্যাস, ফলাফল প্রভৃতি তথ্য আইইআর নোটিশ বোর্ডে এবং [www.univdhaka.edu](http://www.univdhaka.edu) ওয়েব সাইটে পাওয়া যাবে।

পরিচালক

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট  
ঢাকা বিশ্ববিদ্যালয়